

পরিচালক (গবেষণা) ১৭/৭/১৭/১৫০(১৬)
২২.০২.২৩

মহাপরিচালক
৩০/১/২৩

উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
সুপারভাইজিং গবেষণা বিভাগ
ক্রি এ আর আই, কুষ্টিয়া।

১৯.০২.২৩

কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প
কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

ঘূর্ণিঝড় 'মোথা' এর সম্ভাব্য প্রভাব থেকে রক্ষার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

(বরিশাল, বরগুনা, ভোলা, পটুয়াখালী, পিরোজপুর, লক্ষ্মীপুর, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, চট্টগ্রাম, রাঙামাটি, বান্দরবান, খাগড়াছড়ি ও কক্সবাজার জেলার জন্য)

প্রকাশের তারিখ: ১১/০৫/২০২৩

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী উপরোক্ত ১৪টি জেলায় আগামী ১৪ মে, ২০২৩ সম্ভাব্য ঘূর্ণিঝড় 'মোথা' এর কারণে ঝড়ো হাওয়া এবং হালকা থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দভায়মান ফসলের উপর ঝড়ো হাওয়া এবং ভারী বৃষ্টিপাত প্রভাব ফেলতে পারে। ঘূর্ণিঝড়ের ক্ষতির হাত থেকে ফসল রক্ষার জন্য নিম্নোক্ত জরুরি কৃষি আবহাওয়া বিষয়ক পরামর্শ দেওয়া হলো:

- ১। বোরো ধান ৮০% পরিপক্ব হয়ে গেলে দ্রুত সংগ্রহ করে ফেলুন।
- ২। সংগ্রহ করা ফসল পরিবহন না করা গেলে মাঠে গাদা করে পলিথিন শীট দিয়ে ঢেকে রাখুন যেন ঝড়ো হাওয়া ও ভারী বৃষ্টিপাতের কারণে ক্ষতি না হয়।
- ৩। দ্রুত পরিপক্ব সবজি ও ফল সংগ্রহ করে ফেলুন।
- ৪। সেচ, সার ও ব্রালাইনাশক প্রয়োগ থেকে বিরত থাকুন।
- ৫। দভায়মান ফসলকে পানির স্রোত থেকে রক্ষার জন্য বোরো ধানের জমির আইল উঁচু করে দিন।
- ৬। নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন জমিতে পানি জমে না থাকতে পারে।
- ৭। খামারজাত সকল পণ্য নিরাপদ স্থানে রাখুন।
- ৮। আখের ঝাড় বেঁধে দিন, কলা ও অন্যান্য উদ্যানভিত্তিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- ৯। পুকুরের চারপাশ জাল দিয়ে ঘিরে দিন যেন ভারী বৃষ্টিপাতের পানিতে মাছ ভেসে না যায়।
- ১০। গবাদি পশু ও হাঁসমুরগী শুকনো ও নিরাপদ জায়গায় রাখুন।
- ১১। মৎস্যজীবীদের সমুদ্রগমন থেকে বিরত থাকার পরামর্শ দেওয়া হলো।

*ঘূর্ণিঝড় সম্পর্কিত মূলনাগাদ পরামর্শের জন্য বামিস পোর্টাল (bamis.gov.bd) দেখুন।

৬৯৫-২৬৬৬
প্রচার করুন ও
সত্যকতা তেজস্বিন করুন।

১৪/০৫/২০২৩

ড. মো. আব্দুল হাযির মিয়া
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা
গবেষণা উইং
ক্রি গবেষণা ইনস্টিটিউট
১৭০১

(ড. মো: শাহ কামাল খান)
প্রকল্প পরিচালক
যোগাযোগ নম্বর: ০১৭১২১৮৪২৭৪
ইমেইল: kamalmoa@gmail.com